গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন্স

**নম্বর:** ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৩০৩

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে জুলাই/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে জুলাই-২০২৪ মাসের মাসিক সমন্বয় সভা আগামী ৩১-০৭-২০২৪ খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে (কক্ষ নং ৪০৩) অনুষ্ঠিত হবে।
সভায় উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট এজেন্ডা  আগামী ২৮-০৭-২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে উপপরিচালক (প্রশাসন) এর ই-মেইল( dd.admin@telecomdept.gov.bd) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
উক্ত সভায় অধিদপ্তরের ৯ম (নবম) ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ অংশ গ্রহণ করবেন।
সংযুক্তি: জুন-২০২৪ মাসের কার্যবিবরণী।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

২৯-০৭-২০২৪
মোঃ মফিজ উদ্দিন
পরিচালক
+৮৮০-২-৯৮৩০৪০০
dir.admin@telecomdept.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক;
২। পরিচালক;
৩। উপপরিচালক;
৪। সহকারী পরিচালক (প্রশাসন), ডিওটি,, তেজগাঁও, ঢাকা-ষভায় আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ এব এবং
৫। সহকারি পরিচালক।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) জুন-২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

DOT
ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন্স

## জুন/২০২৪ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এ কে এম হাবিবুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৪ জুন ২০২৪ খ্রিঃ |
| সভার সময় | ১৪:৩০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

**১) মে/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | মে/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ৩০/০৫/২০২৪ তারিখ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মে/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ডি নথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।<br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

**২) মে/২০২৪ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | টেলিযোগাযোগ অধিদপ্তরে নতুন পদোন্নতি প্রাপ্ত কর্মচারিদের যোগদান | সভায় উপপরিচালক(প্রশাসন) জানান যে, টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্প্রতি বিভিন্ন গ্রেডে প্রায় ৫০০ কর্মচারী যোগদানকরেছেন। মহাপরিচালক মহোদয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পরবর্তী সমন্বয় সভায় বিষয়টি উত্থাপনের আহ্বান জানান। | যোগদানকারী কর্মচারীদের বিলোপযোগ্য পদে পদায়ন করা হয়েছে।তাদের মধ্যে কিছু কিছু কর্মচারীদের চাহিদার প্রেক্ষিতে সংযুক্ত করা হয়েছে ।<br><br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পরবর্তী সমন্বয় সভা এখনো অনুষ্ঠিত হয় নি। | |
| ২ | প্রকল্প সংক্রান্ত | প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স ফেইজ-২ , প্রকল্পের সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। বৈদিশিক প্রশিক্ষন বিষয়ে অর্থ বিভাগের ইতিবাচক সম্মতি পাওয়া যায় নি।<br>NAATRT প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের খসড়া মূল্যায়ন চলছে। | সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স ফেইজ-২ , প্রকল্পের সমাপ্তির তারিখ ৩০ জুন ২০২৪<br><br>NAATRT প্রকল্পের সমীক্ষা প্রতিবেদন জমা দেওয়া হয়েছে। | |

**৩) জুন/২০২৪ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | টেলিযোগাযোগ অধিদপ্তরে নতুন পদোন্নতি প্রাপ্ত কর্মচারিদের যোগদান | টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্প্রতি বিভিন্ন গ্রেডে প্রায় ৫০০ কর্মচারী যোগদান করেছেন। যোগদানের প্রেক্ষিতে আলোচনা | সভায় উপপরিচালক(প্রশাসন) জানান যে, টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্প্রতি বিভিন্ন গ্রেডে প্রায় ৫০০ কর্মচারী যোগদান করেছেন।পরিচালক (প্রশাসন) মহোদয় জানান কর্মচারীদের বিলোপযোগ্য পদে পদায়ন করা হয়েছে।তাদের মধ্যে কিছু কিছু কর্মচারীদের সংযুক্ত করা হয়েছে। বিলোপযোগ্য পদে পদায়িত কর্মচারীদের বিষয়ে বিশদ আলোচনা হয় । আলোচনার প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন।<br>১)প্রতিটি পদে পদোন্নতি প্রাপ্ত কর্মচারীদের একটি তালিকা প্রস্তুত করা।<br>২)টেলিযোগাযোগ অধিপদপ্তরের কাজ সুচারুভাবে সম্পাদনের জন্য কোন কর্মচারীকে সংযুক্ত করার প্রয়োজন থাকলে তার চাহিদা নিরূপন করা।<br>৩)সম্পূর্ন পরিস্থিতি ব্যাখ্যা করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রেরন করা ।<br><br>CTDR সেন্টারের পরিচালককে তার আওতাধীন দপ্তর চালানোর জন্য যদি লোক প্রয়োজন হয় তা জানানোর জন্য বলা হয়।<br><br>টেলিযোগাযোগ অধিদপ্তরের যে সব সহকারী প্রকৌশলী অন্য কোন সংস্থায় সংযুক্ত আছে, তাদের টেলিযোগাযোগ অধিদপ্তরে প্রত্যাবর্তনের জন্য ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ২ | প্রকল্প সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা | প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স ফেইজ-২ , প্রকল্পের সমাপ্তির তারিখ ৩০ জুন ২০২৪ নির্ধারিত ।<br>NAATRT প্রকল্পের সমীক্ষা প্রতিবেদন BUET জমা দিয়েছে। এছাড়া একটি ওয়ার্কশপ ২৬ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। প্রকল্প সমাপ্তির তারিখ ; ৩০ জুন ২০২৪ মহাপরিচালক প্রকল্পের কাজ নির্ধারিত মান ও সময়ে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প পরিচালকগণ |
| ৩ | মামলা সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভাগীয়/উচ্চ আদালতে চলমান মামলার বিষয়ে আলোচনা | উপপরিচালক(ফ্রিকোয়েন্সি মনিটরিং) টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলাসমূহের একটি প্রতিবেদন উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় মামলা সমূহ তদারকির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির তাগিদ প্রদান করেন। | উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং) |
| ৪ | ই-নথি সংক্রান্ত প্রতিবেদন | টেলিযোগাযোগ অধিদপ্তরের ই-নথি বিষয়ক প্রতিবেদন। | টেলিযোগাযোগ অধিদপ্তরের মে/২০২৪ এর ই নথি সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক (আইসিটি বাস্তবায়ন) সভাকে অবহিত করেন যে, মে/২০২৪ মাসে অধিদপ্তরে ডি-নথির মাধ্যমে মোট নিষ্পন্ন ৪১৫টি। অন্যদিকে হার্ডনথিতে নিষ্পন্ন হয়েছে ৪৫টি নোট। ফলে ই-নথি সিস্টেমে ডিওটির অর্জন ৯০.২%।মহাপরিচালক ডি-নথির মাধ্যমে নথি নিষ্পন্নের নির্দেশনা প্রদান করেন। | সকল কর্মকর্তা |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৬-২০২৪

এ কে এম হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০-২-৯৮৩০৯১১ (ফোন)
+৮৮০-২-৯৮৩০৯৮০ (ফ্যাক্স)
dg@telecomdept.gov.bd

**নম্বর:** ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৯৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক;

২। পরিচালক এবং

৩। উপপরিচালক।

৩০-০৬-২০২৪
মোঃ আখলাকুল আউয়াল ভুঁইয়া
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) জুন২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা বিবরণী